

চট্টগ্রাম ভেটেরিনারী কলেজে অচলাবস্থা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম মহানগরী ভেটেরিনারী ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বানে চট্টগ্রাম সরকারী ভেটেরিনারী কলেজে ছাত্রদের ক্লাস বর্জন কর্মসূচী অব্যাহত রহিয়াছে। ছাত্র সংগ্রাম পরিষদ কলেজের ৫-জন ছাত্রের বিরুদ্ধে অধ্যক্ষ কর্তৃক শো-কজ জারি করার প্রতিবাদে গত ৬ দিন ধরিয় ক্লাস বর্জন করিতেছে। ছাত্র সংগ্রাম পরিষদ গত রবিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, কলেজ অধ্যক্ষ শো-কজ প্রত্যাহার না করিলে ক্লাস বর্জন অব্যাহত থাকিবে।

উল্লেখ্য, ছাত্রদের বিভিন্ন দাবীর মুখে কলেজ কর্তৃপক্ষ গত আড়াই মাস ধরিয় কলেজ বন্ধ রাখে এবং গত ৩০শে আগষ্ট পুনরায় খুলিয়া দেয়। ইহার পর হইতে আবার অচলাবস্থা শুরু হইয়াছে।